দৈনিক ইত্তেফাক

তারিখ 29 NOV 1998
পৃঃ ৪ কলাম ৬

## ঢাকা পলিটেকনি ইনষ্টিটিউটেও

গত ১৭/১১/৯৮ তারিখে দৈনিক ইত্তেফাকের চিঠিপত্র কলামে প্রকাশিত 'ময়মনসিংহ পলিটেকনিক ইনষ্টিটিউটে অচলাবস্থার আশঙ্কা' শীর্ষক পত্রটির প্রতি আমাদের দৃষ্টি আকৃষ্ট হইয়াছে। এই প্রসঙ্গে ঢাকা পলিটেকনিক ইনষ্টিটিউটের কথা তুলিয়া ধরিতে চাই। অত্র প্রতিষ্ঠানে বিভিন্ন বিভাগের ছাত্র-ছাত্রীরা কঠোর প্রশিক্ষণের মধ্যামে নিজেদের কোর্স সমাপ্ত করিয়া থাকে। কিন্তু কয়েক বছর যাবৎ বিভিন্ন বিভাগের শিক্ষার্থিগণ পর্যাপ্ত ইন্সট্রুমেন্টের অভাব বোধ করিতেছে। তাহাছাড়া যে সকল বিভাগে কাঁচামালের প্রয়োজন, বিগত বছরগুলিতে প্রয়োজনীয় কাঁচামাল ছাত্র-ছাত্রীরা পায় নাই। জানা যায় যে, প্রতিবছর সরকার কাঁচামাল কিনিবার জন্য অর্থ প্রদান করিয়া থাকেন। কিন্তু সেই অর্থ সংশ্লিষ্ট কাজে ব্যয় না করিয়া ছাত্র-ছাত্রীদের প্রকৃত শিক্ষা হইতে বঞ্চিত করা হইতেছে। ইন্সট্রুমেন্ট ক্রয়ের ক্ষেত্রেও অনিয়ম লক্ষ করা যায়। এ ব্যাপারে অভিযোগ করিয়াও কোন রকম সাড়া পায় নাই। এমতাবস্থায়, সুষ্ঠুভাবে ইন্সট্রুমেন্টসসহ যাবতীয় কাঁচামাল ক্রয়ের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

-জনৈক ছাত্র